



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 15  
Class - 2

Subject : Bengali Text  
Topic : নিজস্ব সংবাদদাতা

Date : 19.06.2020

১) অর্থ লেখ।

ক) আদৌ — মোটেই।

খ) নিজস্ব — নিজের।

গ) সংবাদদাতা — যে সংবাদ জানায়।

ঘ) দৌড়ঝাঁপ — ছোট্টাছুটি।

ঙ) বিশ্বস্ত — বিশ্বাসী।

২) শূন্যস্থান পূরণ কর।

ক) আমার একদল নিজস্ব সংবাদদাতা আছে।

খ) খবর পাবার জন্য আমাকে আদৌ দৌড়ঝাঁপ করতে হয় না।

গ) পাঁচ রকমের খবর জানবার জন্য আমার পাঁচটি বিশ্বস্ত সংবাদদাতা আছে।

ঘ) আমার গায়ের চামড়া, যার ভালো নাম ত্বক।

ঙ) যার নাম নাক, সে আমাকে কোনো জিনিসের গন্ধ পাইয়ে দেয়।

৩) সঠিক উত্তরের মাথায় (✓) চিহ্ন দাও।

ক) পিঁপড়ে কামড়ালে, তা আমরা (ত্বকের / রসনার) সাহায্যে বুঝতে পারি।

খ) গোলাপের রঙ লাল, তা আমরা (নাসিকার / চোখের) সাহায্যে বুঝি।

গ) কোনো খাবারের স্বাদ আমরা (নাসিকার / রসনার) সাহায্যে বুঝি।

ঘ) মেয়েটি সুন্দর নাচ করে, তা আমরা (চোখের / কানের) সাহায্যে বুঝি।

ঙ) গায়ে ঠাণ্ডা লাগলে, তা আমরা (ত্বকের / নাসিকার) সাহায্যে বুঝি।

৪) একটি বাক্যে উত্তর দাও।

ক) আমাদের দেহে কয়টি সংবাদদাতা আছে?

উঃ আমাদের দেহে পাঁচটি সংবাদদাতা আছে।

খ) 'নিজস্ব সংবাদদাতা' পাঠটি কে লিখেছেন?

উঃ 'নিজস্ব সংবাদদাতা' পাঠটি লিখেছেন সুভাষ মুখোপাধ্যায়।

গ) চোখের কাজ কী?

উঃ চোখের কাজ হল দেখা।

ঘ) কানের কাজ কী?

উঃ কানের কাজ হল আওয়াজ শোনা।

ঙ) জিভের ভালো নাম কী?

উঃ জিভের ভালো নাম রসনা।